ফাতওয়া নাম্বার:৪৮৪ প্রকাশকালঃ১৯-০৮-২০২৪ ইং

কুরআন অবমাননাকারীর হুকুম কী?

প্রশ্ন: কুরআনুল কারীম অবমাননা করার হুকুম কী? কেউ তা করলে তার হুকুম কী?

-মাহমুদ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد

কুরআনে কারীম অবমাননা করা কুফর। এটি ব্যক্তিকে ঈমানের সীমানা থেকে বের করে দেয়। জেনে বুঝে ইচ্ছা করে কোনো মুসলিম কুরআনে কারীমের অবমাননা করলে ঈমান থেকে খারিজ হয়ে মুরতাদ হয়ে যাবে। –আলমাজমু শারহুল মুহাযযাব: ২/১৭০; –আলবাশবাহ ওয়াননাজায়ির: ১৬০

আরো দেখুন ফতোয়া নং ২৯৯ কুরআন শরীফ পদদলিত করতে বাধ্য করলে কী করণীয়?

উল্লেখ্য, কোনো কুফরী কথা বা কাজের কারণে কাউকে কাফের বা মুরতাদ আখ্যায়িত করা অত্যন্ত গুরুতর ও ঝুঁকিপূর্ণ কাজ। বিজ্ঞ উলামায়ে কেরামের পক্ষেই কেবল তা সম্ভব। সাধারণ মানুষের কর্তব্য এ বিষয়ে নিজ থেকে কোনো পদক্ষেপ না নিয়ে বিজ্ঞ উলামায়ে কেরামের শরণাপন্ন হওয়া উচিত।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩০-১১-১৪৪৫ হি.

০৭-০৭-২০২৪ ঈ.